



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার  
রাজস্ব শাখা  
[www.coxsbazar.gov.bd](http://www.coxsbazar.gov.bd)

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৮.১৫.০৩০.২০২৬- ২০০৫

তারিখ: ২৬/০৩/১৪৩৩ বঙ্গাব্দ  
০২/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ব্যক্তি মালিকানাধীন জমি ক্রয়-বিক্রয়ের অনাপত্তি।

উপর্যুক্ত বিষয়ে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

আবেদনকারীর নাম ও ঠিকানা:

| বিক্রেতার নাম ও ঠিকানা                                                                                                                                                                                                                                                                                         | ক্রেতার নাম ও ঠিকানা                                                                     |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|------------------------------------------------------------------------------------------|
| ১। উমেনা কালাম উমি পিতা: ফরুখুর রহমান ২। এ.কে.এম নুসাদ্দার উল্লাহ সন্নাট ৩। রহিমা বিনতে কালাম, সর্বপিতা- এ.কে. এম আবুল কালাম চৌধুরী সর্বসাং- সওদাগরপাড়া, ডাকঘর- ভারুয়াখালী, থানা ও জেলা- কক্সবাজার। ৪। মরিয়ম বিনতে কালাম কর্ণিয়া, পিতা- এ.কে. এম আবুল কালাম চৌধুরী, সাং- দক্ষিণ ভারাবনিয়ারছড়া, কক্সবাজার | আবদুস শাকুর, পিতা- চাঁদ মিয়া সাং- দক্ষিণপাড়া, ডাকঘর-ভারুয়াখালী, থানা ও জেলা-কক্সবাজার |

#### শর্তসমূহ:

- এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রেতার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।
- কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না।
- ক্রেতাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ/ল্যান্ড জোনিং ক্রয় নির্দেশনা মেনে চলতে হবে।
- ক্রেতা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।
- তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।
- ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
- বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা সংক্রান্ত সকল বিধি বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।
- ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের উদ্দেশ্যে অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।
- এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনাপত্তি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।
- সমুদ্র সীমানার মধ্যে কোন স্থাপনা করা যাবে না।
- তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।

#### তফসিল:

| উপজেলা        | মোজা        | বিএস/সৃজিত/দিয়ারা<br>খতিয়ান | দাগ নম্বর | জমির শ্রেণি | জমির পরিমাণ |
|---------------|-------------|-------------------------------|-----------|-------------|-------------|
| সদর কক্সবাজার | ভারুয়াখালী | ২০২৬-১০০০৫৬                   | ১৫৩০      | নাল         | ০.০২০০      |
|               |             |                               | ১৫৩২      | নাল         | ০.০২০০      |
|               |             |                               | ১৫৩৩      | নাল         | ০.০২০০      |
|               |             |                               | ১৫৬৭      | নাল         | ০.০২০০      |
|               |             |                               | ১৫৭০      | নাল         | ০.০২০০      |
|               |             |                               |           |             | ০.১০০০      |

সাব-রেজিস্ট্রার  
সদর, কক্সবাজার।

রেজিনিউ ডেপুটি কালেক্টর  
কক্সবাজার  
ফোন : ০২৩৩৪৪৬২২২৫